



# ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

গুলশান সেন্টার পয়েন্ট, প্লট : ২৩-২৬, রোড : ৪৬, গুলশান-২, ঢাকা  
www.dncc.gov.bd



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

নং-৪৬.১০.০০০০.০০৫.১১.২৫২.১৮-১৯১

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮  
১৭ মে ২০২১

## দৈনিক মজুরীভিত্তিক অস্থায়ী শ্রমিক/কর্মী নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ২০/১০/২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.১১.০০২.১৮-১১০০ নং স্মারকের অনুমোদনের পরিপ্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে দৈনিক মজুরীভিত্তিক (কাজ করলে মজুরী না করলে নেই) মোট ২০০ (দুইশত) জন অদক্ষ শ্রমিক (পরিচ্ছন্নতা কর্মী) নিয়োগ করা হবে। “কাজ করলে মজুরী না করলে নেই” শর্তে কাজ করতে আগ্রহী ও সুস্বাস্থ্যের অধিকারী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

### শর্তাবলী :

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
২. আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
৩. আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
৪. (ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্র (ভোটার আইডি কার্ড)/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।  
(খ) যোগ্যতা এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদের সত্যায়িত ফটোকপি।  
(গ) সদ্য তোলা ৪ (চার) কপি পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/ডিএনসিসি'র কাউন্সিলর কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তা/কাউন্সিলরের সুস্পষ্ট নাম, পদবী ও সিল অবশ্যই থাকতে হবে।
৫. সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান সেন্টার পয়েন্ট, প্লট : ২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা বরাবর আগামী ২২/০৬/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে এবং সিলগালাকৃত আবেদনপত্রের খামের উপর অবশ্যই “শ্রমিক (পরিচ্ছন্নতা কর্মী)” উল্লেখ করতে হবে।
৬. প্রার্থীর বয়স ০১/০৫/২০২১ খ্রিঃ তারিখে ১৮ (আঠারো) থেকে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে।
৭. এ নিয়োগ সম্পূর্ণরূপে অস্থায়ী, দৈনিক মজুরীভিত্তিক এবং ভবিষ্যতে কোনোক্রমে রাজস্ব খাতে নিয়মিতকরণের বা স্থায়ীকরণের কোনো সুযোগ থাকবে না। নিয়োগপ্রাপ্তির পর প্রার্থী স্থায়ীকরণের আবেদন করতে পারবেন না এবং এ বিষয়ে বিজ্ঞ আদালতে আবেদন দায়ের করতে পারবেন না।
৮. অসম্পূর্ণ, ভ্রুটিপূর্ণ, একই প্রার্থীর একাধিক আবেদন ও বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।
৯. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে কর্মরত অবস্থায় মৃত পরিচ্ছন্নতা কর্মী এবং ৫৯ বছরে চাকরি হতে অব্যাহতিপ্রাপ্ত কর্মীদের ওয়ারিশগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
১০. এ নিয়োগে হরিজনদের জন্য সরকার নির্ধারিত কোটা অনুসরণ করা হবে।
১১. বিজ্ঞাপিত শ্রমিক সংখ্যা কম/বেশী হতে পারে। যে কোনো পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহার/অন্যান্য সকল অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)  
সচিব

ফোন : ৮৮৩৪৯৩০

secretary@dncc.gov.bd